

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬৪

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭

০১ জুন ২০২০

বিষয়: “বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়) প্রকল্পের চট্টগ্রাম জেলার ডাবলমুরিং থানার দক্ষিণ পাহাড়তলী মৌজায় জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ৬৬-পিডি/বিউবো/পিডিএসডি (২য় পর্যায়)/২০২০, তারিখঃ ০৪/০২/২০২০।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে “বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়) প্রকল্পের চট্টগ্রাম জেলার ডাবলমুরিং থানার দক্ষিণ পাহাড়তলী মৌজায় জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি প্রদানের জন্য পত্র প্রেরণ করেছে। যার মৌজা শিডিউল নিম্নরূপ (মৌজা ম্যাপ, সংযুক্তি-০১):

থানা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	বি এস দাগ নং	জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক
ডাবলমুরিং	দক্ষিণ পাহাড়তলী	৬	০০	২৮০২	০.৩৫	আংশিক

তদু প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী, চট্টগ্রাম জেলার ডাবলমুরিং থানার দক্ষিণ পাহাড়তলী মৌজার প্রস্তাবিত দাগে একটি পাকা স্থাপনা রয়েছে; (সংযুক্তি-২, পরিদর্শন প্রতিবেদন)। **Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan** অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার **Hill Area** এর অন্তর্ভুক্ত। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক উক্ত স্থানে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের অনাপত্তি না থাকলে এবং প্রকল্প বাস্তবায়নকালে স্থিত পাহাড়ের কোন প্রকার কর্তন, মোচন ইত্যাদির প্রয়োজন হলে তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-টিপি-২/ ভূঃ ব্যঃ-৯৮১/২০১৯-২০২০/১১৪৫) (সংযুক্তি-০৩)।

এমতাবস্থায়, “বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাস্তবায়িতব্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন চট্টগ্রাম জোন (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলায় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাবিত জমিসমূহ নির্দেশক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ও জনস্বার্থে অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।


০১. প্রকল্প বাস্তবায়নকালে পাহাড়ী এলাকার ভূমিরূপ বৈশিষ্ট অক্ষুণ্ন রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি চট্টগ্রাম জেলায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা

আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

**সংযুক্তি:**

০১. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ।
০২. পরিদর্শন প্রতিবেদন।
০৩. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।



১-৬-২০২০

আহমেদ আখতারুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

প্রকৌ. মোঃ মকবুল হোসেন, প্রকল্প পরিচালক, বিদ্যুৎ বিতরণ  
ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), চট্টগ্রাম জোন, বাংলাদেশ  
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬৪/১(৩)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭  
০১ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের  
আবেদনসহ)।



১-৬-২০২০

জাকিয়া সুলতানা  
প্ল্যানার